

শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করালে প্রধান শিক্ষক ও কমিটিকে শাস্তি: শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক
শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, সংবর্ধনার নামে স্কুলের শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করিয়ে রাখলে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও পরিচালনা কমিটির সদস্যদের শাস্তি পেতে হবে। সম্মানিত ব্যক্তিদের বিভিন্ন স্থান পরিদর্শনকালে ছাত্রছাত্রীদের রাস্তায় দাঁড় করিয়ে সংবর্ধনা গ্রহণের রেওয়াজ বন্ধ করতে হবে।

শিক্ষামন্ত্রী গতকাল মঙ্গলবার তার অফিসকক্ষে সাংবাদিকদের এক ব্রিফিংকালে এ কথা বলেন। তিনি বলেন, ২০০৯ সালের আগে কোমলমতি শিশু-কিশোরদের রাস্তায় দাঁড় করিয়ে রেখে সংবর্ধনা নেওয়ার অসংযত রেওয়াজ প্রচলিত ছিল। ২০০৯ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে মহাজোট সরকার দায়িত্ব গ্রহণের পরপরই তিনি শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী হিসেবে এ বিষয়ে প্রেস ব্রিফিং আয়োচনা, মতবিনিময়সহ নানাতাবে জনমত গঠন করে কার্যকর উদ্যোগ নিয়েছিলেন। বিষয়টি দেশের সুধীমহনসহ সবাই আন্তরিকভাবে গ্রহণ করেছিলেন। কতিপয় বাতায় দেখা দেওয়ায় ২০১১ সালের ১৩ ডিসেম্বর শিক্ষা মন্ত্রণালয় থেকে এ বিষয়ে একটি পরিপত্র জারি করা হয়। পরিপত্রে দেশের সব শিক্ষা প্রতিষ্ঠান, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, শিক্ষা কর্মকর্তাসহ সবাইকে তা মানা করার নির্দেশ দেওয়া হয়।